# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭৩৭

১৯. অনুমতি গ্রহণ অধ্যায় (كتاب الاستئذان)

পরিচ্ছেদঃ ৬৩. আল্লাহ যা চান এবং অমুক যা চায় - এ কথা বলা নিষেধ

باب فِي النَّهْيِ عَنْ أَنْ يَقُولَ مَا شَاءَ اللَّهُ وَشَاءَ فُلَانٌ

আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ أَخْبَرَنَا شُعْبَةُ عَنْ عَبْدِ الْمَلِكِ بْنِ عُمَيْرٍ عَنْ رِبْعِيِّ بْنِ حِرَاشٍ عَنْ الطُّفَيْلِ أَخِي عَائِشَةَ قَالَ قَالَ رَجُلٌ مِنْ الْمُشْرِكِينَ لِرَجُلٍ مِنْ الْمُسْلِمِينَ نِعْمَ الْقَوْمُ أَنْتُمْ لَوْلَا أَنَّكُمْ تَقُولُونَ مَا شَاءَ اللَّهُ وَشَاءَ مُحَمَّدٌ فَسَمِعَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ لَا تَقُولُوا مَا شَاءَ اللَّهُ وَشَاءَ مُحَمَّدٌ وَلَكِنْ قُولُوا مَا شَاءَ اللَّهُ ثُمَّ شَاءَ مُحَمَّدٌ

বাংলা

২৭৩৭. আয়িশার ভাই তুফাইল রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। মুশরিকদের এক ব্যক্তি মুসলিমদের এক ব্যক্তিকে বললো, তোমরা কতই না উত্তম জাতি, যদি তোমরা একথা না বলে থাকতে যে, ’’আল্লাহ্ যা ইচ্ছা করেন এবং মুহাম্মাদ যা ইচ্ছা করেন।’’ অতঃপর সে কথাটি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম শুনে ফেললেন। তখন তিনি বললেন: “তোমরা একথা বলবে না যে, ’আল্লাহ্ যা ইচ্ছা করেন এবং মুহাম্মাদ যা ইচ্ছা করেন।’ বরং তোমরা বলবে, ’আল্লাহ্ যা ইচ্ছা করেন, এরপর রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যা চান’।”[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: ইবনুল কানি’, মু’জামুস সাহাবাহ নং ৪৮৯। পূর্ণ তাখরীজের জন্য দেখুন, সহীহ ইবনু হিব্বান নং ৫৭২৫ ও মাওয়ারিদুয যাম’আন নং ১৯৯৮ ও মুসনাদুল মাউসিলী ৮/১১৯।

আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা হতে এ হাদীস বর্ণনা করেছেন, মাউসিলী নং ৪৬৫৫ আর সেখানে আমরা এর তাখরীজ দিয়েছি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=83022

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন